

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
“পল্লী ভবন”
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.prdp.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯০৬.০১৬.২০.১৬- ৮৪৭


তারিখ: ১৮/০৪/২০১৯ খ্রিঃ

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউডিও'র অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত)
.....উপজেলা, জেলা

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি'র স্মারক নং-৩৩০২, তারিখঃ ১৬/০৫/২০১৭ মূলে বিআরডিবি'র মূল দায়িত্বের পাশাপাশি পিআরডিপি-৩ প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হয়। তদানুযায়ী আপনাকে অত্র উপজেলায় প্রকল্প কর্তৃক দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু আপনার উপজেলার পিআরডিপি-৩ প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, চলতি অর্থ বছরের (২০১৮-১৯) ইতোমধ্যে ৯ (নয়) মাস অতিবাহিত হলেও প্রকল্পের ডিডিসি স্কিম ও প্রশিক্ষণ বাস্তবায়নের অগ্রগতি অত্যন্ত হতাশাজনক। যা কর্তৃপক্ষের নির্দেশ অমান্য, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, প্রকল্পের কাজে গাফিলতি ও অসহযোগিতার শামিল। যার ফলে প্রকল্পভুক্ত ঐসকল এলাকাসী একদিকে যেমন প্রকল্পের প্রাপ্য সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে, অন্যদিকে বিআরডিবি/পিআরডিপি-৩ এর পল্লী উন্নয়নের লক্ষ্যে গৃহিত পরিকল্পনা বাস্তবায়নে সমস্যার সৃষ্টির পাশাপাশি পিআরডিপি-৩ তথা বিআরডিবি কার্যক্রমেও নেতিবাচক প্রভাব পড়ছে।

এমতাবস্থায়, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য, দায়িত্ব কর্তব্য পালনে অবহেলা, প্রকল্পের কাজে গাফিলতি ও অসহযোগিতার কারণে কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য বলা হলো। ব্যর্থতায় আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করা হবে।



মোঃ আবু সালেক
প্রকল্প পরিচালক

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯০৬.০১৬.২০.১৬- ৮৪৭

তারিখ: ১৮/০৪/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ


- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি,উপজেলা,.....জেলা।
- ২। উপপরিচালক, বিআরডিবি,জেলা দপ্তর।
- ৩। উপপরিচালক, (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস কপি।



সেখ আমিনুর ইসলাম
উপপরিচালক

ব্যাখ্যা তলব প্রাপ্ত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউডিও'র দায়িত্ব প্রাপ্ত) দেয় তালিকা নিম্নরূপঃ

ক্র: নং	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা	উপজেলা	জেলা
১.	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউডিও'র দায়িত্ব প্রাপ্ত)	বদরগঞ্জ	রংপুর
২.	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউডিও'র দায়িত্ব প্রাপ্ত)	পাট্টাম	লালমনিরহাট
৩.	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউডিও'র দায়িত্ব প্রাপ্ত)	কালিগঞ্জ	
৪.	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউডিও'র দায়িত্ব প্রাপ্ত)	রাজারহাট	কুড়িগ্রাম
৫.	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউডিও'র দায়িত্ব প্রাপ্ত)	বোচাগঞ্জ	দিনাজপুর
৬.	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউডিও'র দায়িত্ব প্রাপ্ত)	গোবিন্দগঞ্জ	গাইবান্ধা
৭.	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইউডিও'র দায়িত্ব প্রাপ্ত)	বেলকুচি	সিরাজগঞ্জ



মোঃ আবু সালেক

প্রকল্প পরিচালক